



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড,
বরিশাল

স্মারক নং : বশিবো/কলেজ/অনু: ২০২৪/ ৪৪৭৩


তারিখ : ০৯.০৯.২০২৪

বিষয় : ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

সূত্র : আন্তঃশিক্ষাবোর্ড সমন্বয় কমিটি : স্মারক নং - বিবিধ/কলেজ/২০২০/১৩৩০ তারিখ ০৯.০৯.২০২৪।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম আগামী ১৫.০৯.২০২৪ তারিখ থেকে ৩০.০৯.২০২৪ তারিখ পর্যন্ত চলবে। বরিশাল শিক্ষাবোর্ডের অধীন সকল উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানকে ভর্তি ওয়েবসাইট (<https://www.xiclassadmission.gov.bd>) এর (college login) প্যানেলে কলেজের EINN ও Password দিয়ে লগইন করতে হবে। এরপর ঐ প্যানেলে শিক্ষার্থীদের যাবতীয় তথ্য প্রদান করে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। শিক্ষার্থীদের এই রেজিস্ট্রেশন প্রক্রিয়া চলবে ৩০.০৯.২০২৪ তারিখ বিকেল ৫:০০ টা পর্যন্ত।

উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজ অনলাইনে ভর্তিকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন সম্পন্ন করতে না পারলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।


০৯/০৯/২৪

প্রফেসর মো: ইউনুস আলী সিদ্দিকী

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।